

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়  
হজ-৩ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
www.hajj.gov.bd

স্মারক নং- ১৬.০০.০০০০.০০৩.৩৩.১৬৪.১৭-৬৭২

তারিখ: ২০, ফাল্গুন ১৪২৫  
০৪ মার্চ, ২০১৯

প্রজ্ঞাপন

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, যেহেতু আপনি ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অনুমোদিত হজ লাইসেন্স Rahmania Air Travels (H.L. NO-1517), Lovly Tower (2<sup>nd</sup> Floor) R.N. Road Chowrasta, Jessore এর চেয়ারম্যান হিসেবে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অনুমোদিত বেসরকারি ব্যবস্থাপনায় হজ পরিচালনাকারী হিসেবে দায়িত্ব পালন করেছেন;

০২। যেহেতু আপনি যথাযথভাবে হজ লাইসেন্স পরিচালনায় ধর্ম বিষয়ক মন্ত্রণালয় বরাবর জাতীয় হজ ও ওমরাহ নীতি ২০১৮ মোতাবেক লিখিত অঙ্গীকারাবদ্ধ ছিলেন ;

০৩। যেহেতু আপনার এজেন্সির মাধ্যমে হজে গমনকারী জনাব মো: আমির হোসেন জুয়েল, কাউন্সেলর (হজ), মক্কা, সৌদি আরব বরাবর নিম্নরূপ অভিযোগ দাখিল করেন :

“কাবা শরীফের আধা কিলোমিটারের মধ্যে রাখার কথা থাকলেও ২ কি.মি. দূরে রিয়েল বক্স পাহাড়ের উপর একটি বাড়িতে হাজীদের রাখা হয়। মাত্র ৮দিন গাড়ীর ব্যবস্থা করা হয়েছে। কাবায় ১ দিনও ৫ ওয়াক্ত নামাজ পড়তে পারেনি। মিনায় ১৩৫ নং মোয়াল্লেম এর পাহাড়ী তাবুতে রেখেছে। ৯ই জিলহজ্জ ৩.০০ টা পর্যন্ত কোন গাড়ি দেওয়া হয়নি। ব্যক্তি উদ্যোগে পায়ে হেটে আরাফাহ, মুজদালিফা, মিনা ও মক্কা পর্যন্ত প্রায় ৩২ কি.মি. পাড়ি দিয়েছেন। বৃদ্ধ মাকে হইল চেয়ারে বসিয়ে তিনি নিজে দীর্ঘ পথ পাড়ি দিয়েছেন। মদিনায় নেওয়া হয়েছে অনেক বিলম্ব। সেখানে ৪০ ওয়াক্ত নামাজ আদায় করতে পারেনি”।


০৪। যেহেতু উক্ত অভিযোগের বিষয়ে জাতীয় হজ ও ওমরাহ নীতি ২০১৮ এর ২৩.২ এ বর্ণিত উপায়ে গঠিত তদন্ত কমিটির মাধ্যমে অভিযোগকারী এবং এজেন্সীর মালিক/প্রতিনিধির উপস্থিতিতে উভয় পক্ষের শুনানী গ্রহণ করে অভিযোগের বিষয়ে তদন্ত করা হয়েছে;

০৫। যেহেতু Rahmania Air Travels (H.L. NO-1517), এজেন্সীর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তদন্তে প্রমাণিত হয়েছে এবং পরবর্তীতে হজযাত্রীদের টাকা ফেরৎ দেওয়ায় অভিযোগ প্রত্যাহার করা হয়েছে।

০৬। যেহেতু এ মন্ত্রণালয়ের ১৭/১২/২০১৮ তারিখের স্মারক নং-১৬.০০.০০০০.০০৩.২৭.০০২.১৮-১৩৭৪ মূলে আপনার মালিকানাধীন এজেন্সির বিরুদ্ধে কেন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার কারণ ০৭ (সাত) দিনের মধ্যে জানানোর জন্য কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয় এবং আপনি ২৬/১২/২০১৮ তারিখ লিখিত জবাব দাখিল করেছেন ;

০৭। যেহেতু আপনার বিরুদ্ধে আনীত অভিযোগের তদন্ত প্রতিবেদন দাখিলের পর অভিযোগকারী অভিযোগ প্রত্যাহার করে একটি আবেদন দাখিল করেন এবং পরবর্তীতে আপনার বিরুদ্ধে তেমন কোন অভিযোগ না থাকলেও হাজীগণের প্রতি অধিকতর যত্নশীল ছিলেন না ;

০৮। সেহেতু হজযাত্রীদের প্রতি যত্নশীল না হওয়ার কারণে জাতীয় হজ ও ওমরাহ নীতি ২০১৮ এর ২৩.২ (জ) মোতাবেক আপনার পরিচালিত Rahmania Air Travels (H.L.NO-1517), Lovly Tower (2<sup>nd</sup> Floor) R.N. Road Chowrasta, Jessore এজেন্সিকে ভবিষ্যতের জন্য “সতর্ক করা হল এবং তিরস্কার করা হল”।



০৪.০৬.১৯

মোঃ শিক্কার আহমদ উচ্ছমানী

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫৪৫৩০৭

e-mail: morahajsection@gmail.com

জনাব বেলায়েত হোসেন

চেয়ারম্যান

Rahmania Air Travels (H.L. NO-1517),  
Lovly Tower (2<sup>nd</sup> Floor) R.N. Road, Chowrasta,  
Jessore

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব।
৩. পরিচালক, হজ অফিস, বিমানবন্দর, ঢাকা।
৪. উপ পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা, তাঁকে প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৫. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৬. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সীজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), সাতারা সেন্টার, নয়াপল্টন, ঢাকা।
৮. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড লিমিটেড, ১২ কাওরান বাজার, ঢাকা( প্রজ্ঞাপনটি ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
৯. জনাব.....
১০. অফিস কপি।

মোঃ শিবির আহমদ উছমানী  
সিনিয়র সহকারী সচিব